দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 Dec 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

18

## বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

১৯৮৯-৯০ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে মাত্র ৩ হাজার ৫শত আসনের জন্য ৩৯০০০ ছাত্র-ছাত্রী আবেদন করিয়াছে। শেষ পর্যন্ত ৩৫ হাজার ৫শত ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে পারিবে না। অথচ তাহারা প্রত্যেকেই ভর্তির যোগ্য। কেন না তাহারা বিশ্ববিদ্যালয়ের যাবতীয় আইন-কানুন মানিয়াই ভর্তির জন্য আবেদনপত্র জমা দিয়াছে। উল্লেখ্য যে, শুধু ঢাকা বিশ্ববিদ্যালয় নয়, দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজসহ দেশের বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের আসন সংখ্যা উচ্চ মাধ্যমিক পাস ছাত্র-ছাত্রীদের তুলনায় অনেক কম। ফলে উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ না পাইয়া অনেকেরই— ভবিষ্যৎ অন্তহীন অন্ধকারে নিমজ্জিত হয়। এসব ছাত্র-ছাত্রীর সামনে কোন সম্ভাবনাময় ভবিষ্যৎ না থাকায় ছাত্র-ছাত্রীরা হতাশাগ্রস্ত। আশা করি, কর্তৃপক্ষ চলতি শিক্ষা বৎসর হইতেই এ ব্যাপারে সঠিক পদক্ষেপ গ্রহণ করিবেন এবং উচ্চ শিক্ষা গ্রহণে ইচ্ছুক সকল ছাত্র-ছাত্রীর সুন্দর জীবনের নিশ্চয়তা বিধানে পদক্ষেপ গ্রহণ করিবেন।

—মোঃ আহসানুল হাসান,
জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ অর্থনীতি (সম্মান)।